

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৭১

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে ছেলে শিশু বুকের দুধ ছাড়া আর কোন খাবার খায় না, সেই শিশু কাপড়ে পেশাব করে দিলে, তাতে পানির ছিটা দেওয়াই যথেষ্ট

ذِكْرُ الِاكْتِفَاءِ بِالرَّشِّ عَلَى الثِّيَابِ الَّتِي أَصنابَهَا بَوْلُ الذَّكَرِ الَّذِي لَمْ يَطْعَمْ بَعْدُ

আরবী

1371 _ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ: أَنَّ أُمَّ قَيْسٍ بِنْتَ مِحْصَنِ الْأُسَدِيَّةَ أُخْتُ عُكَّاشَةَ بْنِ مِحْصَنِ _ وَكَانَتْ مِنَ المهاجرات أَنَّ أُمَّ قَيْسٍ بِنْتَ مِحْصَنِ الْأَسَدِيَّةَ أُخْتُ عُكَّاشَةَ بْنِ مِحْصَنِ _ وَكَانَتْ مِنَ المهاجرات اللاتي بَايَعَهُنَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ قَالَتْ: جِبْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَجْلَسَهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَجْلَسَهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَخْذَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَخْذَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَخْذَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَاءً فَنَضَحَهُ وَلَمْ يَغْسِلْهُ.

الراوي: أُمّ قَيْسٍ بِنْت مِحْصَنٍ الْأَسَدِيَّة | المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1371 | خلاصة حكم المحدث: صحيح ـ

قَالَ ابْنُ شِهَابٍ: فَمَضَتِ السُّنَّة بِأَنْ لَا يُغْسَلَ مِنْ بَوْلِ الصَّبِيِّ حَتَّى يَأْكُلَ الطَّعَامَ فَإِذَا أَكُلَ الطَّعَامَ فَإِذَا أَكُلَ الطَّعَامَ غُسِلَ مِنْ بَوْلِهِ.

বাংলা

১৩৭১. উক্কাশা রাদিয়াল্লাহু আনহুর বোন উম্মু কায়েস বিনতু মিহসান আল আসাদী রাদিয়াল্লাহু আনহা, যিনি সেসব মুহাজির সাহাবীদের অন্তর্ভুক্ত ছিলেন, যারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে বায়আত গ্রহণ করেছিলেন, তিনি বলেন, "আমি আমার ছেলে, যে দুধ ছাড়া কোন খাদ্য খায় না, তাকে নিয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে যাই, অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাপড়ে পেশাব করে দেয়। তারপর



তিনি পানি গ্রহণ করেন এবং তাতে পানি ছিটা দেন, কিন্তু তিনি তা ধৌত করেননি।"[1]

ইবনু শিহাব যুহরী রহিমাহুল্লাহ বলেন, "অতঃপর এই নিয়ম চালু হয়ে যায় যে, ছেলে শিশুর পেশাব লাগলে, তা ধৌত করতে হবে না, যতক্ষন না খাদ্য গ্রহণ করে। যখন শিশু অন্যান্য খাদ্য গ্রহণ করবে, তখন পেশাব লাগলে তা ধৌত করতে হবে।"

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৪৮৬; হুমাইদী: ৩৪৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১২০; মুসনাদ আহমাদ: ৬/৩৫৫; সহীহ আল বুখারী: ৫৬৯৩; সহীহ মুসলিম: ২৮৭; তিরমিযী: ৭১; ইবনু মাজাহ: ৫২৪; ইবনুল জারুদ: ১৩৯; সহীহ ইবনু খুযাইমাহ: ২৮৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৯৪; মুয়াত্তা ইমাম মালিক: ১/৬৪; আবূ দাউদ: ৩৭৪; দারেমী: ১/১৮৯; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৯২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৪০০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উম্মু কায়স বিনত মিহসান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন